



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 27/12/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল স্প্রিং 2023 এর জন্য এক্সেলসিওর স্কলারশিপের আবেদন খোলার কথা ঘোষণা করেছেন

SUNY এবং CUNY শিক্ষার্থীরা যাদের পরিবার বছরে 125,000 ডলার পর্যন্ত উপার্জন করেন তারা বিনামূল্যে টিউশন সহ কলেজের জন্য আবেদন করতে পারেন

9 ফেব্রুয়ারি, 2023 পর্যন্ত আবেদনগুলি গ্রহণ করা হবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে স্প্রিং 2023 এর নতুন আবেদনকারীদের জন্য এক্সেলসিওর স্কলারশিপের আবেদন এখন খোলা রয়েছে [এখানে](#)। এক্সেলসিওর স্কলারশিপ, শিক্ষার্থীদের অন্যান্য আর্থিক সহায়তার সাথে একত্রে, যোগ্য পূর্ণ-সময়ের শিক্ষার্থীদের একটি SUNY বা CUNY-এ, দুই বছর বা চার বছর টিউশন ফি ছাড়া কলেজে পড়তে দেয়।

"এটির শুরু থেকেই, এক্সেলসিওর স্কলারশিপ নিম্নবিত্ত এবং মধ্যবিত্ত পরিবারের লক্ষাধিক শিক্ষার্থীকে টিউশন ফি ছাড়া একটি উন্নত মানের শিক্ষালাভ করার সুযোগ দিয়েছে," **গভর্নর হোকল হোকল বলেছেন**। "কলেজে পড়ার ব্যয় সংক্রান্ত আর্থিক বোঝা লাঘব করে, শিক্ষার্থী এবং তাদের পরিবারবর্গ তাদের শিক্ষার ওপর ফোকাস করতে পারবে যা নিউ ইয়র্কের শিক্ষার্থীদের সাফল্যের সিঁড়ি বেয়ে উঠার সম্ভাব্য সব সুযোগ প্রদান করবে।"

125,000 মার্কিন ডলার পর্যন্ত ফেডারেল অ্যাডজাস্টেড গ্রস আয় থাকা পরিবারবর্গের থেকে আসা শিক্ষার্থীরা একটি স্প্রিং এক্সেলসিওর স্কলারশিপ পুরস্কারের জন্য যোগ্য হবেন। শিক্ষার্থীর অবশ্যই করতে হবে:

- একটি SUNY বা CUNY দুই বা চার বছরের কলেজে পড়ার পরিকল্পনা থাকতে হবে
- তাদের অধ্যয়নের প্রোগ্রামের জন্য প্রতি বছর 30টি ক্রেডিট সম্পূর্ণ করতে হবে (গ্রীষ্ম এবং শীতকালীন মেয়াদ সহ); এবং
- দুই বছরের মধ্যে অ্যাসোসিয়েটস ডিগ্রি বা চার বছরে স্নাতক ডিগ্রি নিয়ে সময় মত স্নাতক হওয়ার পথে থাকতে হবে

ডঃ গুইলারমো লিনারেস, নিউ ইয়র্ক স্টেট উচ্চ শিক্ষা পরিষেবা কর্পোরেশনের প্রেসিডেন্ট বলেন, "যে সমস্ত নিম্ন ও মধ্যবিত্ত পরিবারের শিক্ষার্থীরা একটি মাধ্যমিক পরবর্তী

ডিগ্রী বা ক্রিডেনশিয়াল অর্জনের থেকে আসা সুবিধাদি ভোগ করতে চান তাদের কাছে প্রায়শই কলেজে পড়াশুনো করার খরচটা একটি বাঁধা হয়ে ওঠে। এক্সেলসিওর স্কলারশিপ সেই সমস্ত শিক্ষার্থীদের জন্য সুযোগের প্রস্তাব দেয়, যাদের আর্থিক সহায়তা ছাড়া, একটি কলেজ ডিগ্রী অর্জন করার স্বাভাবিক সামর্থ্য ছিল না।"

SUNY এর অন্তর্বর্তী চ্যান্সেলর ডেবরা এফ. স্ট্যানলি বলেন, "তথ্যটি সুস্পষ্টভাবে দেখায় যে উন্নতি করার জন্য একটি কলেজ ডিগ্রী হল সবথেকে কার্যকরী সরঞ্জাম - উপার্জন ক্ষমতা প্রণোদিত করে, চাকরি পাওয়ার সুযোগ বাড়ায় এবং আপনার জীবনকে দীর্ঘায়িত করে। তা সত্ত্বেও সেই অভিজ্ঞতা অনেকের ধরা ছোঁয়ার বাইরে রয়ে যায়। এক্সেলসিওর স্কলারশিপ কলেজে পড়ার সামর্থ্য সংক্রান্ত সমস্যা সমাধান করে, যা SUNY এর সমগ্র স্টেটের কঠোর পরিশ্রমী শিক্ষার্থীদের জন্য আর্থিক বাধা দূর করে একটি বিশ্বমানের শিক্ষা প্রদানের দীর্ঘদিনের প্রতিশ্রুতিকে শক্তিশালী করে তোলে। আরও বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসীকে একটি SUNY শিক্ষা অর্জন এবং তার থেকে উপকৃত হতে সহায়তা করার জন্য আমি গভর্নর হোকল এর ক্রমাগত প্রচেষ্টাকে সাধুবাদ জানাই।"

CUNY-এর চ্যান্সেলর ফেলিক্স ভি. ম্যাটস রডরিগেজ বলেন, "এক্সেলসিওর স্কলারশীপ প্রোগ্রাম সমস্ত ব্যাকগ্রাউন্ডের নিউ ইয়র্কবাসীদের জন্য শিক্ষাগত সুবিধা এবং অ্যাক্সেস সম্প্রসারণ করতে CUNY-এর প্রচেষ্টাগুলিকে সহায়তা করেছে। এক্সেলসিওর সহস্রাধিক CUNY শিক্ষার্থীকে টিউশন-ফি ছাড়া কলেজে পড়ার সুযোগ দিয়েছে, যা শিক্ষাগত কৃতিত্ব, পেশাগত সাফল্য এবং সর্বোপরি অর্থনৈতিক ও সামাজিক উন্নতির দরজা খুলে দিয়েছে। সকল নিউ ইয়র্কবাসীর জন্য উচ্চ শিক্ষার অতুলনীয় মূল্য ও গুরুত্বের অবিরাম স্বীকৃতির জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেটের, কলেজ শিক্ষাকে সাশ্রয়ী এবং অ্যাক্সেসযোগ্য করার বিভিন্ন উপায়ের মধ্যে এক্সেলসিওর স্কলারশিপ একটি উপায় মাত্র। কলেজের জন্য পে করতে সহায়তা করার অন্যান্য উপলভ্য বিকল্পগুলি অন্বেষণ করতে [নিউ ইয়র্ক স্টেট উচ্চ শিক্ষা পরিষেবা কর্পোরেশন \(New York State Higher Education Services Corporation\) ওয়েবসাইট](#) দেখুন।

স্প্রিং 2023 এর এক্সেলসিয়র স্কলারশিপ আবেদন 2023 সালের বসন্তকালে কলেজে প্রথম ভর্তি হওয়া সেই সমস্ত শিক্ষার্থীদের জন্য এবং বর্তমান কলেজের ছাত্রদের জন্য খোলা যারা কখনও এক্সেলসিওর স্কলারশিপ পাননি। যে সমস্ত শিক্ষার্থী বর্তমানে একটি এক্সেলসিওর স্কলারশিপ পাচ্ছেন, পুরস্কার পেমেন্টগুলি পাওয়া অব্যাহত রাখার জন্য তাদের এই আবেদনটি পূরণ করার প্রয়োজন নেই। সেনেটর হোসে পেরাল্টা নিউ ইয়র্ক স্টেট ড্রিম অ্যাক্টের (DREAM Act) অধীনে এক্সেলসিয়র স্কলারশিপের জন্য যোগ্য শিক্ষার্থীরা আবেদন করতে পারেন [এখানে](#)।

আবেদনগুলি ফেব্রুয়ারি 9, 2023 পর্যন্ত গ্রহণ করা হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418